



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট-এর নিম্নলিখিত শূন্য পদগুলি পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের অফিসে (কক্ষ নং-২১৩) প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :-

ক্র	পদের নাম ও বেতন স্কেল	পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	কম্পিউটার প্রোগ্রামার কাম সিস্টেম এনালিস্ট বেতন স্কেল টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১(এক)টি	প্রার্থীকে পরিসংখ্যান/ফলিত পরিসংখ্যান/ICT/CSE/IIT বিষয়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ স্নাতকোত্তর পাশ হইতে হইবে। ডাটা সাইন্স/বিগ ডাটা এনালাইসিসে এমএস থাকিলে পরিসংখ্যান বিষয়ে স্নাতক (সম্মান) থাকা অবশ্যক নয়। অভিজ্ঞতা : প্রার্থীকে Excel/SPSS/STATA নিয়ে কাজ করার অভিজ্ঞতা থাকিতে হইবে। সংশ্লিষ্ট কাজে অফিসার পদে ৬(ছয়) বছরের অভিজ্ঞতা সম্পন্ন এবং সরকারী বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হইতে কমপক্ষে ৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হইতে হইবে। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে অপ্রাধিকার দেওয়া যাইতে পারে।
২.	রিসার্চ অ্যাসোসিয়েট বেতন স্কেল টাঃ ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫)	৪(চার)টি	প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫ স্কেলে ন্যূনতম ৩.৫ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ৩.০০ সহ পুষ্টি ও খাদ্য বিজ্ঞান/প্ৰাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান/রসায়ন/অণুজীব বিজ্ঞান/ফার্মেসি বিষয়ে স্নাতকোত্তর পাশ হইতে হইবে। অভিজ্ঞতা : প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন এবং সরকারী বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হইতে কমপক্ষে ৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হইতে হইবে। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর হইতে হইবে। চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন অভ্যন্তরীণ প্রার্থীর গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক সাপেক্ষে অপ্রাধিকার দেওয়া যাইতে পারে।

পরিচালক, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার (যদি থাকে) সনদপত্রসমূহের সত্যায়িত ফটোকপি সংযুক্তি করিয়া ৮(আট) প্রস্ত দরখাস্ত আগামী ১৩-১০-২০২২ তারিখের মধ্যে পরিচালক, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর নিকট পৌঁছাইতে হইবে।